রাজনগরে আরমান আলীর কম্বল বিতরণ

মেহেরপুরে নিজ তহবিল থেকে শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছেন ইউপি সদস্য আরমান আলী। গতকাল রবিবার সকাল ১০ টার সময় নিজ বাসভবনে তিনি এই কম্বল বিতরণ করেন।

নবগঠিত বারাদি ইউনিয়নের বর্শিবাড়িয়া, হাসানাবাদ, মোমিনপুর, কলাইডাঙ্গা, পাটকেল পোতা, সিংহাটি, শিমুলতলা, দরবেশপুর, যুগিন্দা, রাজনগর গ্রামসহ বিভিন্ন গ্রামের শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সহ-সভাপতি আবদুল মান্নান, পিরোজপুর ইউনিয়নের সাবেক সভাপতি নাজিম উদ্দিন, মেহেরপুর জেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের সাবেক সম্পাদক ও ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খাকছার আলী, ওয়ার্ড যুবলীগের সদস্য ফারুক হোসেন, আওয়ামী লীগ নেতা কাউসার আলী, কালু মিয়াসহ আওয়ামী লীগের নেতাকর্মীরা।

মেহেরপুরের মনিরুজ্জামান সোহেলের মরণোত্তর দেহ দান

মৃত্যুর পর নিজের দেহটাকে চিকিৎসা বিজ্ঞানের কল্যাণে দান করে দিলেন মনিরুজ্জামান সোহেল। তিনি মেহেরপুর শহরের ৭ নং ওয়ার্ডের মিয়াপাড়ার মো: বদরুদ্দোজার ছেলে।

গত বৃহস্পতিবার, ফরিদপুর মেডিক্যাল কলেজে তিনি মরণোত্তর দেহ দানের জন্য দান পত্রে স্বাক্ষর করেন। যার অবহিতকরণ পত্রের কপি ডিসি ও জেলা সিভিল সার্জন মেহেরপুরকে দেওয়া হয়েছে।

এ বিষয়ে মনিরুজ্জামান সোহেল জানান, চিকিৎসা বিজ্ঞানের উন্নয়ন ও কল্যাণের জন্য আমার এই দেহ দান। আমার দেহ নিয়ে গবেষণা পূর্বক

মানব সেবায় কাজে আসলে আমার এই দেহ দান সার্থক হবে।

তিনি আরও বলেন, আমি কমরেড নির্মল সেনের পালক পুত্র হিসেবে পরিচিত, তাঁর মরণোত্তর দেহ দানে উদ্বুদ্ধ হয়ে আমার এই সিদ্ধান্ত। আমি পরিবার ও সমাজের কাছ থেকে কোন ধরণের বাঁধার সম্মুখীন হইনি।

মেহেরপুরে ঠান্ডাজনিত রোগে ভুগছে শিশুরা

এম এফ রুপক

কনকনে শীত, কুয়াশার পাশাপাশি ঠাণ্ডা বাতাস। কদিন ধরেই মেহেরপুরে বেড়েছে শীতের তীব্রতা।

গত শনিবার মেহেরপুরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৯ ডিগ্রী সেলসিয়াস। এই তীব্র শীতে সবচেয়ে বেশি বিপাকে পড়েছে শিশু ও বৃদ্ধরা। ঠাণ্ডাজনিত বিভিন্ন সমস্যা নিয়ে মেহেরপুর ২৫০ শয্যা হাসপাতালে বেড়েছে শিশু রোগীর সংখ্যা। গত এক সপ্তাহে শিশু রোগীর সংখ্যা বেড়েছে দ্বিগুণ।

বর্তমানে হাসপাতালের শিশু ওয়ার্ডে ৪৫ জন শিশু রোগী ভর্তি আছে। এ ছাড়াও গতকাল রবিবার হাসপাতালের বর্হিবিভাগে ৬৫ জন শিশু রোগীকে চিকিৎসা দেওয়া হয়েছে।

হাসপাতালের কনসালটেন্টে (শিশু) ডা. মাহবুবা তাজমিলা বলেন, ঠাণ্ডাজনিত সর্দি-কাশি, ডায়রিয়া, এলার্জি, একউট ব্রক্রিওলাইটিস, নিউমোনিয়া ইত্যাদি রোগে বেশি আক্রান্ত হচ্ছে শিশুরা।

মেহেরপুর জেনারেল হাসপাতালের নিচ তলার পুুরুষ ওয়ার্ডটি করোনা ওয়ার্ড করেছে কর্তৃপক্ষ। ২য় তলায় মহিলা ও ৩য় তলায় শিশু ও পুরুষ রোগীরা চিকিৎসা নিচ্ছে। শিশু ওয়ার্ডে পুরুষ রোগী থাকায় রোগীর চাপ বেড়েছে অনেক। সেক্ষেত্রে চিকিৎসা দিতেও হিমশিম খাচ্ছে চিকিৎসকরা। এছাড়াও হাসপাতালে আইসিইউ ও এনকিউবেটর সুবিধা না থাকায়

অনেক শিশু রোগী উন্নত চিকিৎসার জন্য অন্যত্র চলে যাচ্ছে।

শিশু ওয়ার্ডের ইনচার্জ রুপা খাতুন জানান, বর্তমানে শিশু ওয়ার্ড ও ডায়রিয়া ওয়ার্ড মিলে মোট ৪২ জন শিশু ভর্তি আছে। প্রতিদিন গড়ে ৮-১০ জন শিশু ভর্তি হচ্ছে ঠাণ্ডাজনিত সমস্যা নিয়ে। সুস্থ হয়ে বাড়ি ফিরছে ৩-৪ জন।

গতকাল রবিবার মেহেরপুর জেনারেল হাসপাতালে সরেজমিনে গিয়ে দেখা যায়, শিশু ওয়ার্ডে ৪০টি বেডের ব্যবস্থা আছে। পুরুষ রোগীর কারণে অনেকেই মেঝেতে শুয়ে চিকিৎসা নিচ্ছে। শিশু ওয়ার্ডে ভর্তি হওয়া শিশুর অবস্থার অবনতি হলে আইসিইউ সাপোর্ট না পেয়ে স্বজনরা উন্নত চিকিৎসার জন্য ঢাকায় কিংবা বেসরকারি হাসপাতালে ছুটছেন।

সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের রেহেনা খাতুন, হুজাইফা আক্তার রমিজা নামের ৬ মাস বয়সী মেয়েকে নিয়ে তিন দিন ধরে চিকিৎসা নিচ্ছেন হাসপাতালে। ঠাণ্ডাজনিত সমস্যা নিয়ে হাসপাতালে আসলে নিউমোনিয়া ধরা পড়ে রমিজার। ডায়রিয়া জনিত সমস্যা নিয়ে রাজাপুরের শিউলি খাতুন, রেশমা খাতুন দ্জুনের বাচ্চা ছেলেকে নিয়ে হাসপাতালে ভর্তি আছেন। তারা জানান, শীতকালে বাচ্চাদের নিয়ে বেশ কষ্টে আছি। মাঝে মধ্যেই অসুস্থ হয়ে পড়ছে। করোনা আতঙ্কের মধ্যেও বাধ্য হয়ে হাসপাতালে এসেছি চিকিৎসা নিতে।

জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার মকলেছুর রহমান জানান, শীতকালে ঠাণ্ডাজনিত সমস্যা নিয়ে বেশি রোগী ভর্তি হয়। প্রায় ৩০ শতাংশ রোগীই আবহাওয়া জনিত কারণে বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা নিচ্ছে। এছাড়াও করোনা আতঙ্কের কারণে অনেক রোগীকে আউটডোর থেকে চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হচ্ছে।

দুর্ঘটনা ঠেকাতে কালীগঞ্জ হাইওয়ে পুলিশের ভিন্ন উদ্যোগ

ঝিনাইদহের কালীগঞ্জে ডাকাতি ঠেকাতে সড়কের দুই পাশের জঙ্গল পরিষ্কার ও কুয়াশায় চালকদের দৃষ্টিভ্রম রোধে গাছে রং করেছে

বারবাজার হাইওয়ে থানা পুলিশ।

গতকাল রবিবার সকাল ১১ টার দিকে ঝিনাইদহ-যশোর সড়কের রঘুনাথপুর এলাকায় জঙ্গল পরিষ্কার করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেল, বারবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন, কালীগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক সাবজাল হোসেন, সাংবাদিক হাবিব ওসমান প্রমুখ।

বারবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন জানান, কুয়াশার কারণে এমনিতে সড়কে কিছু দেখা যায় না। তারপরও দুইপাশের জঙ্গলে বেশ ভয়ানক অবস্থার সৃষ্টি হয়েছিল।

কেউ যেন সড়কে ডাকাতির চেষ্টা করতে না পারে এজন্য সড়কের দুইপাশের জঙ্গল পরিষ্কার করা হচ্ছে এবং রাস্তার পাশের গাছগুলাতে সাদা রং করা হচ্ছে।

ঝিনাইদহে “দৈনিক দেশ রূপান্তর” পত্রিকার ২য় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে ঝিনাইদহ প্রেস ক্লাবে “দৈনিক দেশ রূপান্তর” পত্রিকার ২য় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

এ উপলক্ষে গতকাল রবিবার সকালে প্রেস ক্লাবের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের কালেক্টরেট স্কুলের মোড় থেকে ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে প্রেস ক্লাব মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান দিপ্তী রহমান, সিনিয়র সাংবাদিক বিমল সাহা, এম সাইফুল মাবুদ, ঝিনাইদহ প্রেস ক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, দেশ রূপান্তর পত্রিকার জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি। পরে ২য় প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে কেক কাটা হয়।

শৈলকুপা পৌর নির্বাচনে মেয়র প্রার্থীদের মনোনয়ন পত্র জমা

মেয়র পদে ঝিনাইদহের শৈলকুপা পৌর নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী শৈলকুপা পৌর আওয়ামী লীগের সভাপতি বর্তমান মেয়র বীরমুক্তিযোদ্ধা কাজী আশরাফুল ইসলাম আজম মনোনয়ন পত্র দাখিল করেছেন।

গতকাল রবিবাব দুপুর ২টায় পৌর নির্বাচনের সহকারী রিটার্নিং কর্মকতার কার্যালয়ে এ মনোনয়ন পত্র জমা দেন।

এ সময় তার সাথে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক চেয়ারম্যান মস্তোফা আরিফ রেজা মন্নু, কৃষক লীগের সভাপতি ভাইসচেয়ারম্যান জাহিদুন্নবী কালু, সাবেক উপজেলা চেয়ারম্যান নায়েব আলী জোয়াদ্দার, সাবেক ছাত্রনেতা জুলফিকার কায়সার টিপুসহ অওয়ামী লীগের নেতাকর্মীরা।

অপর দিকে শৈলকুপা উপজেলা যুবলীগের সহ-সভাপতি শিকদার ওয়াহিদুজ্জামান ইকু, পৌর আওয়ামী লীগ নেতা তৈয়বুর রহমান খাঁন সতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জামা দিয়েছেন।

ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের প্রার্থী মো: ওসমান গনি মনোনয়নপত্র জমা দিয়েছেন।

বিএনপির মনোনীত প্রার্থী সাবেক পৌর মেয়র খলিলুর রহমান দলীয় মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

পৌর নির্বাচনের সহকারী রিটার্নিং কর্মকর্তা উপজেলা নির্বাচন অফিসার জুয়েল আহম্মেদ জানান, পৌর নির্বাচনে মেয়রপদে অওয়ামী লীগের কাজী আশরাফুল ইসলাম আজম মনোনয়ন পত্র দাখিল করেছেন। আগামী ১৬ জানুয়ারী ইভিএমএ ভোট গ্রহণ সম্পন্ন হবে বলেও তিনি জানান।

৫ কোটি টাকা হাতিয়ে চম্পট

কথিত ‘অরণ্য কেয়ার ফাউন্ডেশন’র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক আনোয়ার হোসেন রানাকে গ্রেফতার ও সঞ্চয় ফিরে পাবার দাবিতে ফাউন্ডেশনের সদস্য ও প্রতারণার শিকার কর্মচারীরা ঝিনাইদহে মানববন্ধন করেছে। সকাল ১০টার দিকে শৈলকুপা উপজেলা পরিষদ রোডে তারা এ কর্মসূচি পালন করে।

সদস্যরা অভিযোগ করেন ফাউন্ডেশনের নামে প্রতারণা, অর্থ আত্মসাৎ ও জালিয়াতির আশ্রয় নিয়ে সমস্ত অফিস গুটিয়ে নেয়া হয়েছে। তারা পরিচালকের গ্রেফতার ও বিচার দাবি করেছে।

প্রসঙ্গত জলবায়ু পরিবর্তন রোধ ও সমাজসেবার নামে কথিত ‘অরণ্য কেয়ার ফাউন্ডেশন’ ঝিনাইদহের শৈলকুপা, হরিণাকুন্ডুসহ ৩ জেলা থেকে ৫ কোটি টাকার বেশী হাতিয়ে নিয়েছে বলে অভিযোগ উঠেছে।

গাছের চারা বিতরণ, সেলাই প্রশিক্ষণ ও প্রশিক্ষণ শেষে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ আর স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী লোন এবং বয়স্ক ভাতার কথা বলে বিভিন্ন ইউনিয়নে তারা সদস্য সংগ্রহ আর সঞ্চয় সংগ্রহ করেছিল।

এ বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশের পর সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা, গোয়েন্দা সংস্থাসহ সংশ্লিষ্ট অফিসগুলি আইনগত ব্যবস্থা নিবে বলে জানিয়েছে।

তবে এখনো অধোরা হয়েছে প্রতিষ্ঠানটির পরিচালকসহ কর্মকর্তারা। উল্টো ফাউন্ডেশনের সদস্য ও কর্মচারীদের বিরুদ্ধে মামলার হুমকি ও অভিযোগ করছে নিবন্ধন বিহীন কথিত অরণ্য কেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক আনোয়ার হোসেন রানা। তার বাড়ি ঝিনাইদহের

হরিণাকুন্ড উপজেলাতে।

বাঘা যতীন এর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে বি সি এল এর আলোচনা সভা

কুষ্টিয়া বাঘা যতিনের ভাষ্কর্য ভাঙ্গার প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ (বিসিএল) এর প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারে বিসিএল এর কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন, বাংলাদেশ ছাত্রলীগ-বি সি এল কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও মেহেরপুর জেলা শাখার সভাপতি এবং নবগঠিত বারাদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ নুরু-উছ-সাফা প্লাবন।

সভাপতির বক্তব্যে প্লাবন বলেন, বলেন,কুষ্টিয়ার কুমারখালীতে ব্রিটিশ বিরোধী আন্দোলনের অন্যতম নেতা বাঘাযতীন এর ভাস্কর্য ভাঙচুর করেছে দুর্বৃত্তরা, এ ঘটনায় তিনজন গ্রেপ্তার হয়েছে, তিনজনই বাংলাদেশ আওয়ামী যুবলীগের নেতা, বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য কুষ্টিয়াতে এর আগে ভাঙচুর করেছে দুর্বৃত্তরা, তারাও গ্রেপ্তার হয়েছে। ভাস্কর্য এক জিনিস মূর্তি আরেক জিনিস।

ভাস্কর্য এবং মূর্তির মধ্যে ব্যাপক পার্থক্য রয়েছে। প্রত্যেকটি বীর বিক্রম এর ভাস্কর্য বাংলার মাটিতে তৈরি হবে এবং থাকবে,আপনারা যদি আবার চক্রান্ত করেন তার দাঁত ভাঙ্গা জবাব দেওয়া হবে। অপরাধী যে দলেরই হোক না কেন তার একটাই পরিচয় অপরাধী শাস্তি পেতেই হবে।

এ সময় উপস্থিত ছিলেন, বিসিএল এর বিভিন্ন শাখার নেতাকর্মীরা।

১১ জন কারাগারে, ৭ কিশোরকে উন্নয়ন কেন্দ্রে

মেহেরপুরে আটক ১৮ জন শিবির সদস্যদের মধ্যে অপ্রাপ্ত বয়স্ক হওয়ায় ৭ কিশোর সদস্যদের যশোর কিশোর উন্নয়ন কেন্দ্রে পাঠানোর নির্দেশ দিয়েছে আদালত।

রবিবার সন্ধায় মেহেরপুর দায়রা জজ আদালতে তাদের নিয়ে আসা হলে ম্যাজিস্ট্রেট এস এম আব্দুস সালাম এ আদেশ দেন। ৭ কিশোর শিবির সদস্য হলো, মেহেরপুর শহরের গড়পাড়ার মাহাবুবুল হাসানের ছেলে সৈয়দ জোবায়ের হাসান (১৫), নতুনপাড়ার লাল মিয়ার ছেলে হৃদয় (১৫), মেহেরপুর শহরের তাতিপাড়ার নুরুল ইসলামের ছেলে কামরুল ইসলাম নাহিদ (১৬), চকশ্যামনগর গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে রোমান (১৪), গ্রামের বজলুর রশিদের ছেলে আবু জাফর (১৬), বন্দর গ্রামের তোরাফ আলীর ছেলে আল সাইফ, মেহেরপুর নতুন পাড়ার সেলিম রেজার ছেলে মাসুদ (১৫)।

এর আগে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শাহিন রেজা বাকি ১১ জন প্রাপ্ত বয়স্ক শিবির সদস্যদের মেহেরপুর জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেন। বাকি ১১ জন শিবির সদস্য হলো, মেহেরপুর পৌরসভার ৪,৫,৬ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর শিউলি আক্তার(৩২), মেহেরপুর ৫নং ওয়ার্ডের আব্দুর ওহাব মন্ডল এর ছেলে মেহেদী হাসান (২২), সানোয়ার হোসেন এর ছেলে সাখাওয়াত হোসেন (২২), হঠাৎ পাড়ার গিয়াস উদ্দীনের ছেলে আব্দুল্লাহ (১৮), মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে আবুল কালামের ছেলে রাজু আহমেদ (২২), একই গ্রামের পোড়াপাড়ার আক্কাস আলির ছেলে আবুল হাসান (২২), মসজিদ পাড়ার রফিস উদ্দীন এর ছেলে মাহাবুব (১৮), আজিজুল হকের ছেলে ইকবাল হোসেন (১৮), সদর উপজেলার কামদেবপুর গ্রামে আব্দুল কুদ্দুসের ছেলে আবুল বাসার (২০), সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের আজিবার আলির ছেলে সাইদুল ইসলাম (১৯), সদর উপজেলা কোলা গ্রামের শহিদুল ইসলামের ছেলে খালিদ সাইফুল্লাহ (১৮)।

উল্লেখ্য, গত শনিবার মেহেরপুর শহরের শেখ পাড়ার একটি ভাড়া বাড়ি

থেকে নাশকতার পরিকল্পনা চলাকালিন সময়ে গোয়েন্দা পুলিশের হাতে আটক হয় শিবিরের ১৮ জন সদস্য। পরে জেলা গোয়েন্দা কার্যালয়ে জিজ্ঞাসাবাদের পর আজ রবিবার তাদের আদালতে সোপর্দ করা হয়।

মুজিবনগরে গলায় ফাঁস দিয়ে যুবকের আত্মহত্যা

মুজিবনগরে গায়ের পরিহিত চাদর দিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে ফিরাতুল শেখ(৩২) নামের এক যুবক।

রবিবার বিকালে আনুমানিক ৪ টার দিকে রশিকপুর মাধ্যমিক বিদ্যালয়ের পিছনে আব্দুল হালিম(বাকু) নামের এক ব্যাক্তির আম বাগানের আম গাছের সাথে তার লাশ ঝুলন্ত অবস্থায় দেখতে পায় স্থানীয় জনগণ।

পরে মুজিবনগর থানা পুলিশকে খবর দিলে অফিসার ইনচার্জ আব্দুল হাশেম ঘটনাস্থল পরিদর্শন করেন।

ফিরাতুল ইসলাম মুজিবনগর উপজেলার রশিকপুর পূর্বপাড়ার হারু শেখের ছেলে।

পরিবারিক সূত্রে জানা গেছে, সে একজন মানসিক প্রতিবন্ধী। সে চার ভাইবোনের মধ্যে মেজো এবং তিনি ৩ সন্তানের জনক।

নিজের জমিতে চাষাবাদ এবং অন্যের জমিতে কাজ করে সংসার চালাতো। এর আগেও দুইবার বিষ এবং গলায় রশি দিয়ে আত্মহত্যা করার চেষ্টা করেছে। এবার নিয়ে তৃতীয়বার আত্মহত্যার পথ বেছে নেয় সে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, ঘটনা শোনার পর স্থান পরিদর্শন করা হয়েছে। সে একজন মানসিক প্রতিবন্ধী।

প্রাথমিক তদন্তে কোন সন্দেহ না থাকায় এবং তার পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়ায় লাশ পরিবারের হাতে হস্তান্তর করা হয়েছে।

এ বিষয়ে মুজিবনগর থানায় একটি অপমৃত্যু মামলা নেওয়া হয়েছে।